

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৫৩

ধর্মনগর, ০৪ মার্চ, ২০২৪

নেশামুক্ত ভারত অভিযানে ধর্মনগরে পথনাটক

নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে সচেতনতামূলক পথনাটক অনুষ্ঠিত হয়। গত ২ মার্চ ধর্মনগর শহর এবং এর সংলগ্ন বিভিন্ন স্থানে এই পথনাটক অনুষ্ঠিত হয়। ড্রাগসের অপব্যবহার সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যেই এই পথনাটক অনুষ্ঠিত করা হয়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের আর্থিক সহায়তায় ধর্মনগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এই পথ নাটক অনুষ্ঠিত হয়।
